

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/৯৮৮(ক-৩)/১০(অংশ-১)/৩০৫/১৪

তারিখ : ৩১/০১/২০১৯ খ্রি.

বিষয় : জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র : জনাব মো: আজারুজ্জামান, সহকারী অধ্যাপক(ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) গং দেব আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর এইচ.আর.মেমোরিয়াল কলেজে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করা হয়েছে মর্মে জনাব মো: আজারুজ্জামান, সহকারী অধ্যাপক ও জনাব মো: সাহিদুজ্জামান, সহকারী অধ্যাপক সহ ৪ জন শিক্ষক অভিযোগ দায়ের করেন। অধ্যক্ষ/প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্বভার পালনের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের সংখ্যা-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬ এবং ০৯/০৭/২০১২ তারিখের নং শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪ পরিপত্র মোতাবেক জ্যেষ্ঠতার ভিত্তিতে দায়িত্বভার প্রদান করতে হয়।

এমতাবস্থায়, অধ্যক্ষের অনুপস্থিতিতে মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ ও ০৯/০৮/২০১২ তারিখের পরিপত্র মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
৩১.০১.১৯

(ফারহানা আজার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

সভাপতি, গভর্নিং বডি

এইচ আর মেমোরিয়াল কলেজ

খিলগাঁও, ঢাকা।

বিতরণ:

- ০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ০২। জেলা শিক্ষা অফিসার, ঢাকা;
- ০৩। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, এইচ আর মেমোরিয়াল কলেজ, খিলগাঁও, ঢাকা;
- ০৪। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/৭১৩(ক-৩)/২০০৫(অংশ-১)/১০১০/২

তারিখ : ১০/০১/২০১৯ খ্রি.

বিষয় : নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন জলঢাকা সরকারি ডিগ্রি কলেজ(সদ্য জাতীয়করণ) ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদান।

সূত্র : (১) অধ্যাপক গোলাম মোস্তফা, জাতীয় সংসদ সদস্য, ১৪ নীলফামারী-৩ মহোদয়ের ২৭/১২/২০১৮ তারিখের আবেদন।  
(২) উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী এর ২৮/০১/২০১৯ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন জলঢাকা সরকারি ডিগ্রি কলেজ(সদ্য জাতীয়করণ) ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনরত জনাব মো: মোফাজ্জল হক এর চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ ০৪/০২/২০১৯ শেষ হবে। জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ অনুযায়ী “বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/ সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীর কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না”। অধ্যক্ষ/প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্বভার পালনের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের সংখ্যা-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬ এবং ০৯/০৭/২০১২ তারিখের নং শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪ পরিপত্র মোতাবেক জ্যেষ্ঠতার ভিত্তিতে দায়িত্বভার প্রদান করতে হয়।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ এবং ০৯/০৭/২০১২ তারিখের পরিপত্র মোতাবেক ০৪/০২/২০১৯ তারিখে বিধি মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষকের নিকট দায়িত্বভার হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

জনাব মো: মোফাজ্জল হক

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

জলঢাকা সরকারি ডিগ্রি কলেজ

জলঢাকা, নীলফামারী।

বিতরণ:

০১। উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, ঢাকা;

০২। সংরক্ষণ নথি।